n ¯^অ ,o x৬x t ্র xi z m xe x V xo é n

বাংলাদেশের সকল উপজেলা এবং সিটি কর্পোরেশনের অন্তর্ভুক্ত সকল থানায় বসবাসকারী মুক্তিযোদ্ধাকে প্রতিমাসে ৫০০ টাকা হারে সম্মানী ভাতা প্রদান করা হয়। সেক্ষেত্রে উপজেলার অন্তর্ভুক্ত ইউনিয়ন পরিষদ এই প্রক্রিয়া পরিচালনার ক্ষেত্রে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে।

n ¯^অ ,o x৬x y[y্ঠ e V p xp n xi g ৺

- মুক্তিযোদ্ধা বিষয়ক মন্ত্রণালয়ের সচিব এবং মুক্তিযোদ্ধা বিষয়ক মন্ত্রণালয়ের দায়িত্বপ্রাপ্ত মাননীয় প্রতিমন্ত্রী কর্তৃক স্বাক্ষরিত সাময়িক সনদপত্র ধারী ব্যক্তি।
- এ পর্যন্ত জাতীয়ভাবে করা ৪টি তালিকার মধ্যে যাদের নাম কমপক্ষে ২টি তালিকায় আছে।
- সশস্ত্র বাহিনী বিভাগ এবং বাংলাদেশ রাইফেল্স থেকে পাওয়া মুক্তিযোদ্ধা তালিকায় যাদের নাম রয়েছে।
- পরবর্তীতে যাদের নাম যাচাই বাছাইয়ের মাধ্যমে গেজেট নোটিফিকেশনের মাধ্যমে চূড়ান্তভাবে প্রকাশ করা হবে।

m xe x j xT ŒExp ®o xX ò n ¯^অ ,o x৬x

- যে মুক্তিযোদ্ধার বার্ষিক আয় মোটামুটি ১২,০০০ টাকার বেশি নয়।
- কর্মক্ষম নন বা আংশিক কর্মক্ষম/ ভূমিহীন/ সহায়সম্বলহীন মুক্তিযোদ্ধা।

t ্র xi z m xe x j xl xp ®ও ,Š t ,l ঞপ J ö xyh V xp j xT ŒEx n ¯^অ ,o x৬x

- সবচেয়ে বেশি বয়স্ক।
- যিনি বয়স্ক ভাতা/বিধবা ও স্বামী পরিত্যক্তা দুঃস্থ মহিলা ভাতাভোগী, তিনি মুক্তিযোদ্ধা সম্মানীভাতা পেলে ভাতা প্রাপ্তির মাস হতে আর বয়স্ক ভাতা/বিধবা ও স্বামী পরিত্যক্তা দুঃস্থ মহিলা ভাতা পাবেন না।
- যিনি ভূমিহীন অর্থাৎ যার জমি ও বাস্তু ভিটা নেই।
- বসতবাড়ি আছে কিন্তু আবাদী জমি নেই।
- যাঁর পরিবারে উপার্জনক্ষম কোন ব্যক্তি নেই।

n yুঅ ,o x৮x t ব্র xi z m xe x j xl xp ®৩ ,Š J ,o xX òe x

- যিনি সরকারি বা বেসরকারি প্রতিষ্ঠানে কাজ করেন।
- গ্রাচুইটি বা পেনশনের সুবিধাসহ যার বার্ষিক আয় ১২,০০০ টাকার উপরে।
- যিনি মুক্তিযোদ্ধা কল্যাণ ট্রাস্ট বা বেসরকারি সংস্থা হতে নিয়মিত আর্থিক অনুদানপেয়ে থাকেন।

½ xf á l x\ xL j ৮ ye

মুক্তিযোদ্ধাদের সম্মানী ভাতা প্রদানের জন্য প্রণীত পূর্বের তালিকা নিম্নোক্ত রদবদলসহ পুরোটাই বহাল থাকবে-

- মুক্তিযোদ্ধা সম্মানী ভাতা প্রাপকের বর্তমান তালিকা সংশ্লিষ্ট উপজেলা কমিটি (প্রযোজ্য ক্ষেত্রে জেলা কমিটি) পর্যালোচনা করে যারা স্বচ্ছল বা অমুক্তিযোদ্ধা তাদের নাম তালিকা হতে বাদ দেয়।
- সমানসংখ্যক যোগ্য প্রার্থী মনোনয়ন করে উভয় ক্ষেত্রে জেলা কমিটির চূড়ান্ত অনুমোদনের পর তা উপজেলা কমিটিতে অন্তর্ভুক্ত করা হয়।
- জেলা, উপজেলা, পৌরসভা এবং সিটি কর্পোরেশনের এলাকাভূক্ত থানাসমূহে নতুনভাবে ভাতা বিতরণের জন্য অতিরিক্ত প্রার্থী বাছাইকল্পে ব্যাপক প্রচারের মাধ্যমে দরখাস্ত আহবান করা হয়। এই বিষয়ে বর্তমান মুক্তিযোদ্ধা কমান্ড কাউন্সিল/ পৌরসভা চেয়ারম্যান/ কমিশনার এবং স্থানীয় বিদ্যালয়/মাদ্রাসা সমূহের প্রধান সহ অন্যান্য উল্লেখযোগ্য ব্যক্তিদের বিজ্ঞপ্তি আকারে জানাতে হবে।
- মুক্তিযোদ্ধা সম্মানী ভাতা গ্রহণে আগ্রহীদের একটি নির্ধারিত ছকে সংশ্লিষ্ট উপজেলা সমাজসেবা কর্মকর্তা ও উপজেলা কমিটির সদস্য-সচিব বরাবরে নির্ধারিত ফরমে আবেদন করতে হয়।
- মুক্তিযোদ্ধা সম্মানী ভাতা প্রদানের জন্য প্রার্থী বাছাইয়ের লক্ষ্যে উপজেলা পর্যায়ে একটি সিটি কর্পোরেশনের এলাকাভুক্ত থানাসমূহের জন্য সিটি কর্পোরেশনের এলাকাভুক্ত থানাসমূহ ভাতা বিতরণ সংক্রান্ত কমিটি এবং জেলা পর্যায়ে একটি কমিটি থাকে।

m xe x j yp , r xh j ৮ ye

- কোন উপজেলা বা কোন মেট্রোপলিটন থানায় নির্ধারিত সংখ্যক যোগ্য প্রার্থী পাওয়া না গেলে সংশ্লিষ্ট জেলার অন্য কোন উপজেলা বা মেট্রোপলিটন থানার যোগ্য প্রার্থী দ্বারা সংখ্যা পূরণ করা হয়। এ বিষয়ে সিদ্ধান্ত নেয় জেলা কমিটি।
- উপজেলার ক্ষেত্রে উপজেলা সমাজসেবা কার্যালয় ভাতা প্রদান সংক্রান্ত কমিটি কর্তৃক চূড়ান্তভাবে অনুমোদিত ভাতা প্রাপকের তালিকা এবং প্রয়োজনীয় উপকরণ যেমন ভাতা পরিশোধের বই ও ছবি ও অন্যান্য তথ্য উপজেলা হিসাব রক্ষণ কর্মকর্তার নিকট প্রেরণ করে।
- উপজেলার ক্ষেত্রে সংশ্লিষ্ট উপজেলা সমাজসেবা কর্মকর্তা চূড়ান্তভাবে প্রণীত ভাতা প্রাপকের তালিকা সংরক্ষণ করে।
- মুক্তিযোদ্ধা সম্মানী ভাতা প্রদানের জন্য বাজেটে বরাদ্দ অর্থ সমান ২ কিস্তিতে অর্থ মন্ত্রণালয় অবমুক্ত করে। তারপর সমাজসেবা অধিদপ্তর ওই অর্থ সোনালী/জনতা/অগ্রণী/রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক/ বাংলাদেশ কৃষি ব্যাংকের প্রধান কার্যালয়ে ন্যস্ত করে।
- উপজেলায় অবস্থিত সোনালী/জনতা/অগণী/রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক/ বাংলাদেশ কৃষি ব্যাংকের শাখার মাধ্যমে এ ভাতা পরিশোধ করা হয়।
- যারা ভাতা পাবেন তাদের ছবিতে সংশ্লিষ্ট ওয়ার্ড মেম্বার/প্রথম শ্রেণীর কর্মকর্তা/উপজেলা নির্বাহী কর্মকর্তার স্বাক্ষরসহ একটি পাশবই থাকে। উপজেলা হিসাব রক্ষণ কর্মকর্তা এইবই ইস্যু করে থাকেন। কোন একজন ভাতা

গ্রহীতার পাস বই হারিয়ে বা নষ্ট হয়ে গেলে তার আবেদনের প্রেক্ষিতে সংশ্লিষ্ট উপজেলা কমিটি বিষয়টি যাঁচাই বাছাই করবে এবং সংশ্লিষ্ট উপজেলা হিসাবরক্ষণ কর্মকর্তার নিকট একটি ডুপ্লিকেট পাসবই ইস্যু করার জন্য সুপারিশ করবে।

- উপজেলা হিসাব রক্ষণ অফিস ও সমাজসেবা কর্মকর্তার অফিস বয়স্ক ভাতা প্রাপকের নাম, ছবি ও নমুনা স্বাক্ষরসহ রেজিস্ট্রার সংরক্ষণ করেন।
- শারীরিকভাবে অক্ষম কিংবা পর্দানশীল হবার কারণে ভাতা গ্রহণের জন্য কেউ স্বশরীরে উপস্থিত হতে না পারলে তিনি তার পক্ষে একজনকে মনোনয়ন দান করবেন। মনোনয়ন প্রাপ্ত ব্যক্তির ছবিতে মেম্বার/প্রথম শ্রেণীর কর্মকর্তা/উপজেলা নির্বাহী কর্মকর্তার স্বাক্ষর থাকবে। মনোনীত ব্যক্তিকে ভাতা গ্রহণের সময় ভাতা প্রাপ্ত ব্যক্তি জীবিত আছে বলে স্থানীয় প্রতিনিধি (ওয়ার্ড মেম্বার/ চেয়ারম্যান, ইউনিয়ন পরিষদ) এর সনদপত্র পেশ করতে হয়।
- মুক্তিযোদ্ধা সম্মানী ভাতা প্রতিমাসে প্রদান করা হয়। তবে কেউ চাইলে একাধিক মাসের বকেয়া ভাতা একত্রে তুলতে পারে।
- মুক্তিযোদ্ধা সম্মানী ভাতা গ্রহীতা মৃত্যুবরণ করলে সে সংবাদ সমাজসেবা কর্মকর্তা স্থানীয় ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান এর নিকট থেকে মৃত্যু সনদপত্র সংগ্রহ করে সংশ্লিষ্ট সকল কর্তৃপক্ষ ও কার্যালয়কে বিষয়টি জানান।